প্রথম আলো

শুক্রবার, ১৭ মার্চ ২০১৭



গতকাল দুপুরে উত্তরায় স্কলাস্টিকা স্কুলের শিক্ষার্থীরা হাত তুলে অতিথিদের সঙ্গে মাদককে 'না' বলার শপথ করে। ছবিতে সামনের সারিতে (বাঁ থেকে) মোহিত কামাল, কায়সার আহমেদ, অপর্ণা ও আনিসুল হক • প্রথম আলো

### 'প্রথম আলো ট্রাস্ট মাদকবিরোধী আন্দোলন'

# মাদক পচা শামুক, সংস্পর্শে গেলে পা কাটবে

নিজস্ব প্রতিবেদক •

কেউ মাদক নিতে বললে তাকে সরাসরি 'না' বলে দিতে হবে। কেননা, মাদক পচা শামুক। সংস্পর্শে গেলে পা কাটবে।

গতকাল বৃহস্পতিবার উত্তরায় স্কলাস্টিকা স্কুল মিলনায়তনে আয়োজিত 'আসুন মাদকমুক্ত থাকি' শীর্ষক অনুষ্ঠানে স্কুলের শিক্ষার্থীদের এমন পরামর্শ দিলেন বিশিষ্টজনেরা।

মাদক সম্পর্কে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে শিক্ষার্থীদের নিয়ে 'প্রথম আলো ট্রাস্ট মাদকবিরোধী আন্দোলন' এ অনুষ্ঠানটির আয়োজন করে। অনুষ্ঠানে প্রায় চার শ শিক্ষার্থী অংশ নেয়।

প্রথম আলো ট্রাস্ট মাদকবিরোধী আন্দোলনের উপদেষ্টা মনোরোগ বিশেষজ্ঞ অধ্যাপক মোহিত কামাল মাদকের ভয়াবহতা নিয়ে কথা বলেন। তিনি বলেন, 'মাঝেমধ্যেই আমার কাছে মাদকাসক্ত ছেলেমেয়ের অভিভাবকেরা পরামর্শ নিতে আসেন। প্রথমে আমি তাঁদের সম্পর্কে বিস্তারিত জেনে নিই। তাঁদের আসক্তির ভয়াবহতা নিয়ে ভাবলেই আমার বুকে কাঁপন ধরে যায়। মাদকাসক্তি মানসিক রোগ। মাদক জীবনাচরণকে বিপথে পরিচালিত করে। অন্ধকার ও ধ্বংসের দিকে ঠেলে দেয়। মাদক পচা শামুক। সংস্পর্শে গেলেই পা কাটবে।'

অনুষ্ঠানে *প্রথম আলোর* সহযোগী সম্পাদক আনিসুল হক বলেন 'তোমার বন্ধু বলল, চলো মাদক নিই। তুমি বলবে, "না"। "না" বলতে পারাটাই আধুনিকতা। অধিকাংশ শিক্ষার্থীই বন্ধুদের চাপে মাদক নেয়। এ ক্ষেত্রে তোমাকে অবশ্যই স্পষ্টবাদী হতে হবে। "না" বলাটা কঠিন হলেও বলতে হবে। নিজেকে রক্ষা করার দায়িত্ব তোমারই। তুমি স্পষ্ট "না" বলে দেবে।'

অনুষ্ঠানে বক্তব্য দেন চলচ্চিত্র ও টিভি অভিনেত্রী অপর্ণা সেন। তিনি শিক্ষার্থীদের কোনো ধরনের নেশাজাতীয় দ্রব্য না নেওয়ার পরামর্শ দেন।

অনুষ্ঠানে শিক্ষার্থীরা মোহিত কামালকে বিভিন্ন প্রশ্ন করেন। তিনি প্রতিটি প্রশ্নের জবাব দেন। স্কুলের সপ্তম শ্রেণির শিক্ষার্থী রাইসা জামান মাদকাসক্তির কারণগুলো জানতে চায়। সপ্তম শ্রেণির শিক্ষার্থী মির্জা ফারহান জানতে চায়, যেহেতু মাদকের শুরু হয় সিগারেটের মাধ্যমে তাহলে দেশে কেন সিগারেট বিক্রি হয়? অষ্টম শ্রেণির শিক্ষার্থী আয়েশা হোসেন জানতে চায়, নিরাময় কেন্দ্রে না গিয়ে বাসায় থেকে কি মাদকাসক্ত ব্যক্তির চিকিৎসা সম্ভব? সৈয়দ মাশরুর তাইসির প্রশ্ন, মাদক ছাড়তে মা-বাবার ভূমিকা কতখানি?

প্রথম আলো ট্রাস্ট মাদকবিরোধী আন্দোলনের কর্মসূচি ব্যবস্থাপক ফেরদৌস ফয়সালের সঞ্চালনায় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন স্কলাস্টিকা লিমিটেডের যোগাযোগ সমন্বয়কারী জিয়া হাশান, সিনিয়র ভাইস প্রিন্সিপাল নুরুন নাহার মজুমদার। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন স্কলাস্টিকা উত্তরা শাখার অধ্যক্ষ ব্রিগেডিয়ার জেনারেল (অব.) কায়সার আহমেদ।

প্রসঙ্গত, স্কুল-কলেজের শিক্ষার্থীদের সচেতনতার জন্য প্রথম আলো ট্রাস্টের উদ্যোগে মাদকবিরোধী আন্দোলনের অংশ হিসেবে পরামর্শ সহায়তার আয়োজন করা হয়।